



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৭জি-৮৩(ক-৩)/০৮(অংশ-১)/১৬৫৩/৩

তারিখ: ০৩/১২/২০২০খ্রি.

বিষয়: যশোর জেলার সদর উপজেলাধীন আমদাবাদ কলেজের জনাব মোঃ তরিকুল ইসলাম, প্রদর্শক, কম্পিউটার এমপিওভুক্তি।

সূত্র: (ক) মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২৩৯৭/২০২০।
(খ) জনাব মোঃ তরিকুল ইসলাম, প্রদর্শক, কম্পিউটার এর ১৫/০৩/২০২০খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন আমদাবাদ কলেজের জনাব মোঃ তরিকুল ইসলাম, প্রদর্শক, কম্পিউটার এমপিওভুক্ত হওয়ার জন্য মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২৩৯৭/২০২০ দায়ের করেন। জনাব মোঃ তরিকুল ইসলাম ০৭/০২/২০০৫খ্রি. তারিখ বর্ণিত পদে নিয়োগ পেয়ে যোগদান করেন এবং এমপিওভুক্ত হওয়ার জন্য আবেদন করেন। সর্বশেষ ১৫/০৩/২০২০ তারিখে মহাপরিচালক বরাবর এমপিও হওয়ার জন্য আবেদন করেন। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় বর্ণিত রিট পিটিশনে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ২নং বিবাদী অর্থাৎ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে পিটিশনারের ১৫/০৩/২০২০ তারিখের আবেদনটি (Annexure-L) বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন।

রিট পিটিশন নং- ২৩৯৭/২০২০ এর বিষয়ে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত প্রদান করেন। তাঁর মতামতটি নিম্নরূপ: “ যশোর জেলার সদর উপজেলাধীন আমদাবাদ কলেজের কম্পিউটার, প্রদর্শক জনাব মোঃ তরিকুল ইসলাম অত্র অধিদপ্তরে ১৫/০৩/২০২০খ্রি. তারিখে একটি আবেদন দাখিল করেন এবং উক্ত আবেদন নিষ্পত্তির লক্ষ্যে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২৩৯৭/২০২০ দায়ের করেন।

উক্ত রিট পিটিশনে বিগত ১৮/০৮/২০২০ তারিখে মহামান্য আদালত পিটিশনারের ১৫/০৩/২০২০খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তি করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে নির্দেশ দেন। বর্ণিত আদেশটি ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করার বিষয়টি উল্লেখ করা হয়েছে।

এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত হলো: মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ অনুসারে যথাশীঘ্র পিটিশনারের ১৫/০৩/২০২০ তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে এবং পিটিশনারকে অবহিত করতে হবে”।

এমতাবস্থায়, জনাব মোঃ তরিকুল ইসলাম, প্রদর্শক, কম্পিউটার নিয়োগকালে প্যাটার্নভুক্ত পদ ছিল না বিধায় তার এমপিওভুক্তির সুযোগ নেই।

অতএব, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

০২.১২.২০২০
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

আমদাবাদ কলেজ

সদর, যশোর

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, আমদাবাদ কলেজ, সদর, যশোর
- ২। শিক্ষা অফিসার (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। সংরক্ষণ নথি।